

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৮০২

৪/ মাসজিদ ও জামাআত (আহনিহ্না والجماعات)

পরিচ্ছেদঃ ৪/১৯. মসজিদসমূহে যাতায়াত বাধ্যতামূলক করে নেয়া এবং সালাতের জন্য অপেক্ষারত থাকা।

بَابِ لُزُومِ الْمَسَاجِدِ وَانْتِظَارِ الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا رِشْدِينُ بْنُ سَعْدٍ، عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ، عَنْ دَرَّاجٍ، عَنْ أَبِي الْهَيْثَمِ، عَنْ أَبِي سَعِيدٍ، عَنْ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِذَا رَأَيْتُمُ الرَّجُلَ يَعْتَادُ الْمَسَاجِدَ فَاشْهَدُوا لَهُ بِالإِيمَانِ قَالَ اللَّهُ تَعَالَى (إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ) الآيَة .

বাংলা

8/৮০২। আবূ সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা কোন ব্যাক্তিকে মসজিদে যাতায়াত করতে দেখলে তার ঈমানের পক্ষে সাক্ষ্য দিও। মহান আল্লাহ বলেনঃ তারাই তো আল্লাহ্র মাসজিদসমূহের রক্ষণাবেক্ষণ করে যারা আল্লাহ্র উপর ঈমান আনে (সূরাহ তওবা: ১৮)।

English

It was narrated from Abu Sa'eed that:

The Messenger of Allah said: "If you see a man frequenting the mosques, then bear witness to his faith. Allah says: 'The mosques of Allah shall be maintained only by those who believe in Allah and the Last Day. [At-Taubah: 18]'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ২৬১৭, ৩০৯৩; আহমাদ ২৭৩০৮, ২৭৩২৫; দারিমী ১২২৩।

তাহকীক্ব আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: জামি সগীর ৫০৯ যঈফ, যঈফ তারগীব ২০৩ যঈফ, রিয়াদুস সলিহীন ১০৬৭ যঈফ, মিশকাত ৭২৩। উক্ত হাদিসের রাবী রিশদীন বিন সা'দ সম্পর্কে আহমাদ বিন হাম্বল তাকে



দুর্বল বলেছেন। ইয়াহইয়া বিন মাঈন তার থেকে হাদিস লিপিবদ্ধ করেন নি। আমর ইবনুল ফাল্লাস ও আবু যুরআহ আর-রাযী তাকে দুর্বল বলেছেন। আবু হাতিম আর-রাযী মুনকারুল হাদিস ও তার মাঝে অমনোযোগিতার কথা উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন